রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

২০২১ সনের ৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২১, ২০২১


## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৫—৩৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪১—৬৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১—১৯ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭৫—১০৬ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ কার্তিক ১৪২৭/০৯ নভেম্বর ২০২০

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৯-৫১১**—গত ১৯-১১-২০১৪ তারিখে জারীকৃত আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রজ্ঞাপন নং-৫৩.০০১. ০১৯.০০.০০.০০২.২০১৪-৫৫০ প্রতিস্থাপনপূর্বক এ প্রজ্ঞাপন জারি করা হলো। সোনালী ব্যাংক(ইউকে) লিমিটেড-এর একজন চীফ এক্সিকিউটিভ অফিসার (সিইও) এবং সিনিয়র প্রিন্সিপাল অফিসার পদমর্যাদার কর্মকর্তাগণের নিয়োগের ক্ষেত্রে এ নীতিমালা অনুসরণ করা হবে।

**০১. প্রেক্ষাপট :**

বাংলাদেশ সরকার ও সোনালী ব্যাংক লিমিটেডের যৌথ মালিকানায় ২০০১ সালে প্রতিষ্ঠিত যুক্তরাজ্যে অবস্থিত ‘সোনালী ব্যাংক (ইউকে) লিমিটেড’ একটি স্বতন্ত্র ব্যাংক কোম্পানি। এ ব্যাংক কোম্পানির ৫১% মালিকানা সরকারের এবং ৪৯% মালিকানা সোনালী ব্যাংক লিমিটেডের। উক্ত ব্যাংকে বর্তমানে বলবৎ Human Resource Policy (HRP) অনুযায়ী জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার পদমর্যাদার একজন চীফ এক্সিকিউটিভ অফিসার (সিইও) এবং সিনিয়র প্রিন্সিপাল অফিসার পদমর্যাদার ০৫ (পাঁচ) জনসহ সর্বমোট ০৬ (ছয়) জন কর্মকর্তা বাংলাদেশ হতে নিয়োগযোগ্য। সোনালী ব্যাংক (ইউকে) লিমিটেড রেমিট্যান্স, ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড ইস্যু, ট্রেড ফিন্যান্স, আমানত সংগ্রহ, মুদ্রা বাজার পরিচালনা, ঋণ প্রদান, ট্রেজারী সংক্রান্ত কার্যাবলি, করেসপনডেন্ট ব্যাংকিং ইত্যাদি সেবা প্রদান করে থাকে। বর্তমানে ব্যাংকটি ব্যবসায়িক স্ট্র্যাটেজি পরিবর্তন এবং ব্যবসায়িক প্ল্যান অনুযায়ী রিটেইল ব্যাংকিং এর পাশাপাশি হোলসেল ব্যাংকিং এর দিকে অধিকতর গুরুত্ব আরোপ করেছে। Trade Finance Business এবং Structured Trade Finance Lending এর উপর অগ্রাধিকার প্রদান করা হচ্ছে।


মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যুক্তরাজ্যের Prudential Regulatory Authority (PRA) ও Financial Conduct Authority (FCA) নিয়মিত ব্যাংকটি পরিদর্শন করে থাকে। এতে ব্যাংকটির Governance এর মানও যাচাই করা হয়ে থাকে। এছাড়া অন্যান্যের মধ্যে এ পরিদর্শনের উদ্দেশ্য থাকে ব্যাংকটির নির্বাহীগণ ব্যবসা পরিচালনার ক্ষেত্রে "fit and proper" কিনা তা পরীক্ষা করে দেখা। ব্যাংকটি যুক্তরাজ্যে প্রতিষ্ঠিত হওয়ায় সে দেশের ব্যাংকিং নিয়ম কানুনের আওতায় পরিচালিত হয়ে থাকে। ফলে, উক্ত ব্যাংকে নিয়োগকৃত কর্মকর্তাগণের যুক্তরাজ্যে ব্যাংকিং সংক্রান্ত আইন/বিধি/পদ্ধতি সম্পর্কে সম্যক জ্ঞান থাকা প্রয়োজন। এছাড়া ব্যাংকে নিয়োজিত ব্রিটিশ কর্মকর্তা ও রেগুলেটদের সাথে ইংরেজীতে Written ও Verbal Communication এর দক্ষতা থাকা প্রয়োজন।

ব্যাংকের মানব সম্পদ ব্যবস্থাপনায় গুণগত পরিবর্তন আনার লক্ষ্যে উপযুক্ত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাগণকে বাংলাদেশ হতে সোনালী ব্যাংক (ইউ. কে) লিমিটেড-এ নিয়োগ প্রদান করা প্রয়োজন। বাংলাদেশী সরকারি/বেসরকারি বাণিজ্যিক ব্যাংক ও বিদেশী বাণিজ্যিক ব্যাংকে কর্মরত বাংলাদেশী নাগরিক/বাংলাদেশী বংশোদ্ভুত ব্রিটিশ নাগরিক হতে যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা বাছাই করে নিয়োগ প্রদান করার লক্ষ্যে একটি নীতিমালার প্রয়োজন বিবেচনায় বিবেচ্য নীতিমালাটি প্রণয়ন করা হলো।

০২. **যেসব ব্যাংক হতে কর্মকর্তা নিয়োগ করা হবে :**

বাংলাদেশী সরকারি/বেসরকারি বাণিজ্যিক ব্যাংক ও বিদেশী বাণিজ্যিক ব্যাংকে ডেপুটি জেনারেল ম্যানেজার বা সমপদে বা তদূর্ধ্ব পদে কর্মরত বাংলাদেশী নাগরিক/বাংলাদেশী বংশোদ্ভুত ব্রিটিশ নাগরিক হতে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে চীফ এক্সিকিউটিভ অফিসার পদে নিয়োগ প্রদান করা হবে। সিনিয়র প্রিন্সিপাল অফিসার/সমপদমর্যাদার ০৫টি পদের মধ্যে ০২টি পদ সোনালী ব্যাংক লিমিটেড এর কর্মকর্তাদের জন্য সংরক্ষিত থাকবে। বাকী ০৩টি পদ রাষ্ট্র মালিকানাধীন ০৬টি বাণিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী, বিডিবিএল ও বেসিক ব্যাংক লিমিটেড) কর্মকর্তাগণ হতে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে নিয়োগ প্রদান করা হবে। সোনালী ব্যাংক লিমিটেড-এর কর্মকর্তাগণের জন্য সংরক্ষিত পদসমূহে/কোনো পদে উপযুক্ত যোগ্যতাসম্পন্ন কর্মকর্তা না পাওয়া গেলে অন্য ০৫টি ব্যাংক হতে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে উক্ত পদসমূহে/পদে কর্মকর্তা নিয়োগ করা হবে।

০৩. **বাছাই কমিটি :**

অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব এর সভাপতিত্বে সোনালী ব্যাংক লিমিটেড এর সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর, বাংলাদেশ ব্যাংকের একজন ডেপুটি গভর্নর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের একজন অতিরিক্ত/যুগ্ম সচিব এবং সোনালী ব্যাংক লিমিটেড এর একজন ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর (সদস্য-সচিব) এর সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক বর্ণিত নিয়োগের বাছাই প্রক্রিয়া সম্পাদিত হবে। চীফ এক্সিকিউটিভ অফিসার পদ ব্যতীত অন্যান্য পদে নিয়োগের ক্ষেত্রে সোনালী ব্যাংক (ইউকে) লিমিটেড এর চীফ এক্সিকিউটিভ অফিসার এ কমিটির একজন সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন। এছাড়া, সিইও পদে নিয়োগের জন্য উক্ত কমিটিতে সোনালী ব্যাংক (ইউকে) লিমিটেড এর ০২ (দুই) জন স্বতন্ত্র পরিচালক (ব্রিটিশ নাগরিক) অন্তর্ভুক্ত হবেন।

০৪. **কমিটি কর্তৃক বাছাইকৃত কর্মকর্তাদের নিয়োগ ও পদায়ন :**

(ক) সিইও এবং অপরাপর কর্মকর্তাগণের বাছাই প্রক্রিয়া কমিটি কর্তৃক সম্পাদিত হওয়ার পর কমিটির সদস্য-সচিব সুপারিশসহ কার্যবিবরণী অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করবেন।

(খ) উক্ত সুপারিশ প্রাপ্তির পর মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদনক্রমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ নিয়োগ/পদায়ন আদেশ জারি করবে।

০৫. **সাচিবিক দায়িত্ব :**

কমিটির সদস্য সচিব সোনালী ব্যাংক লিমিটেড হতে আবেদনপত্র আহবান করবেন। তিনি প্রার্থীগণের বিগত ০৫ (পাঁচ) বছরের এসিআর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে সংগ্রহ করবেন। বর্ণিত নিয়োগ প্রক্রিয়ার সাচিবিক দায়িত্ব সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক বহন করা হবে।

০৬. **প্রার্থীগণের যোগ্যতা :**

বর্ণিত পদসমূহের জন্য আবেদনকারীগণের নিম্নরূপ যোগ্যতা আবশ্যিকভাবে থাকতে হবে :

(১) সিইও পদের জন্য বাংলাদেশী সরকারি/বেসরকারি বাণিজ্যিক ব্যাংক ও বিদেশী বাণিজ্যিক ব্যাংকে ডেপুটি জেনারেল ম্যানেজার বা সমপদে বা তদূর্ধ্ব পদে কর্মরত বাংলাদেশী নাগরিক/বাংলাদেশী বংশোদ্ভুত ব্রিটিশ নাগরিকগণ যারা আন্তর্জাতিক অর্থ বাজারে যথেষ্ট অভিজ্ঞতার সাথে আন্তর্জাতিক ব্যাংকে মধ্যম/সিনিয়র স্তরে ব্যাংকার হিসেবে কাজ করছেন বা করেছেন এমন ব্যক্তিগণ আবেদন করতে পারবেন। বিদেশী বাণিজ্যিক ব্যাংকে কর্মরত প্রার্থীদের বাংলাদেশী বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।

(২) সোনালী ব্যাংক লিমিটেড-এর জন্য সংরক্ষিত অন্যান্য কর্মকর্তার ০২টি পদ ব্যতীত বাকি ০৩টি পদের জন্য রাষ্ট্র মালিকানাধীন ০৬টি বাণিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী, বিডিবিএল ও বেসিক ব্যাংক লিমিটেড) যে কোনো একটিতে সিনিয়র প্রিন্সিপাল অফিসার/সমমর্যাদার পদে কর্মরত থাকতে হবে। সোনালী ব্যাংক লিঃ-এর জন্য সংরক্ষিত ০২টি পদের জন্য উক্ত ব্যাংকে সিনিয়র প্রিন্সিপাল অফিসার/সমমর্যাদার পদে কর্মরত থাকতে হবে;

(৩) সিইও পদ ব্যতীত অন্যান্য পদের জন্য ন্যূনতম ১০ বছর চাকুরিকাল অবশিষ্ট থাকতে হবে;

(৪) যে কোনো কলেজ/বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। ব্যবসা প্রশাসন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, অর্থনীতিতে ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাবেন;

(৫) কোনো পর্যায়ের পরীক্ষায়ই তৃতীয় বিভাগ/শ্রেণি/গ্রেড গ্রহণযোগ্য হবে না। O' Level এবং A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সার্টিফিকেট (Equivalent Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে;

(৬) IELTS পরীক্ষার General Training Module-এ ন্যূনতম ৬.৫ স্কোর থাকতে হবে। (বাংলাদেশী বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিকগণের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

**৭. আবেদনকারীগণ কর্তৃক তথ্য/প্রমাণাদি দাখিল :**

আবেদনকারীগণকে আবেদনপত্রের সাথে নিম্নরূপ তথ্য/প্রমাণাদি দাখিল করতে হবে :

(ক) শিক্ষাগত যোগ্যতার বিবরণ (সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপিসহ) :

| পরীক্ষা/ডিগ্রীর নাম | পাশের সাল | বিশ্ববিদ্যালয়/বোর্ড | প্রাপ্ত শ্রেণি/গ্রেড |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

(খ) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি;

(গ) প্রফেশনাল ডিগ্রী/পিএইচডি/অন্যান্য সার্টিফিকেটের (যদি থাকে) সত্যায়িত ছায়ালিপি;

(ঘ) ডেপুটি জেনারেল ম্যানেজার বা সমপদে বা তদূর্ধ্ব পদে যে সব বিভাগে (*Division/Department*) দায়িত্ব পালন করেছেন তার বর্ণনা (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়নকৃত);

(ঙ) রেমিট্যান্স, আন্তর্জাতিক বাণিজ্য অর্থায়ন, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ এবং মানি লন্ডারিং সম্পর্কে প্রশিক্ষণ ও অভিজ্ঞতার (যদি থাকে) সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপি;

(চ) IELTS সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপি (বাংলাদেশী বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিকগণের ক্ষেত্রে প্রযোজ্য নয়);

(ছ) চাকুরী জীবনে অপরাধ ও শাস্তি ভোগ করেছেন কি না? করে থাকলে তার বিবরণ (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত)।

**০৮. নম্বর বন্টন :**

পেশাগত ও শিক্ষাগত যোগ্যতা এবং প্রার্থীদের সাক্ষাৎকারের উপর সর্বমোট ১০০ নম্বর থাকবে; যা নিম্নরূপভাবে বন্টন করা হবে :

| | | নম্বর |
|---|---|---|
| (ক) | শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা : | |
| | (০১) শিক্ষাগত যোগ্যতা (প্রতিটি প্রথম বিভাগ/শ্রেণি/গ্রেডের জন্য ২.৫ নম্বর এবং প্রতিটি দ্বিতীয় বিভাগ/শ্রেণি/গ্রেডের জন্য ২ নম্বর)। | ১০ |
| | (০২) Foreign Trade/Foreign Exchange/Treasury Management ডিভিশনে কাজের অভিজ্ঞতা। (প্রতি বছরের জন্য ৩ নম্বর এবং বছরের ভগ্নাংশের জন্য ১.০ নম্বর করে প্রদেয়) | ১৫ |
| | (০৩) রেমিট্যান্স, আন্তর্জাতি বাণিজ্য ও অর্থায়ন, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ এবং মানি লন্ডারিং প্রশিক্ষণ থাকলে (প্রতি প্রশিক্ষণের জন্য সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে ১.২৫ নম্বর করে প্রদেয়)। | ৫ |
| | (০৪) IELTS এ প্রাপ্ত নম্বর (কমপক্ষে ৬.৫ স্কোর থাকলে ১০ নম্বর, ৬.৫ এর বেশি ও ৭ এর কম স্কোর থাকলে ১৫ নম্বর, ৭ বা তার বেশি স্কোর থাকলে ২০ নম্বর)। | ২০ |
| | (০৫) এসিআর (প্রতি বছর ৯৫ বা তার বেশি নম্বর থাকলে ৩ নম্বর, ৯০ হতে ৯৪ নম্বর থাকলে ২ নম্বর এবং ৯০ এর কম নম্বর থাকলে ১ নম্বর)। | ১৫ |
| | | উপ মোট=৬৫ |
| (খ) | আইটি সম্পর্কিত জ্ঞান/অভিজ্ঞতা (ব্যবহারিক) | ১৫ |
| (গ) | সাক্ষাৎকার | ২০ |
| | | সর্বমোট- ১০০ |

উল্লেখ্য, বাংলাদেশী বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিকগণের জন্য IELTS ও এসিআর এর জন্য নির্ধারিত নম্বর প্রযোজ্য নয়। তাঁদের ক্ষেত্রে ৬৫ নম্বরকে পূর্ণমান হিসেবে বিবেচনা করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলি**

তারিখ : ২৬ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ/১১ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-১৩/২০২০-৯৮**— নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ মাহমুদুল হাসান মাসুম, পিতা-মৃত আব্দুল মালেক ভূঞা-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-১৪/২০২০-৯৯**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ব্রাহ্মণবাড়ীয়া জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ হাসিবুর রহমান চৌধুরী, পিতা-মোহাম্মদ জিল্লুর রহমান চৌধুরী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ৩০ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ/১৫ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-১৭/২০২০-১০০**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিলেট জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ সেলিম মিয়া, পিতা-মৃত পংকি মিয়া-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-১৯/২০২০-১০৪**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিলেট জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ কামরুজ্জামান, পিতা-মোঃ আব্দুল মুছাব্বীর-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-২২/২০২০-১০৫**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব খোন্দকার হাসানুল আলম, পিতা-খোন্দকার আব্দুল মোমেন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ০৩ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/১৯ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-১৬/২০২০-১০৬**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে কিশোরগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব বিলাস বিশ্বাস, পিতা-এ্যাড. বিমল বিশ্বাস-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-২৫/২০২০-১০৭**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে গাজীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ আজিজুল হক, পিতা-মৃত এছহাক মাতবর-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-২৭/২০২০-১০৮**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে গাজীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব নাছিমা খাতুন, পিতা-মৃত আমান উল্লাহ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-২০/২০২০-১০৯**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঠাকুরগাঁও জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ ইব্রাহীম, পিতা-মোঃ মোস্তফা-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ মোঃ সালাহ্উদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/২০ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং **১০.০০.০০০০.১৩০.২৭.০০১.২০-১৯৬**—শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার সাব- রেজিস্ট্রার, জনাব আব্দুর রহমান ভূইয়া, দুর্নীতি দমন কমিশন কর্তৃক আটক হয়ে কারাগারে থাকায়, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা অনুযায়ী তাকে বিগত ০৪-১২-২০১৯ খ্রিঃ তারিখ থেকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি জেলা রেজিস্ট্রার এর কার্যালয়, শেরপুর এ সংযুক্ত থাকবেন এবং বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্ত হবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সচিব।

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০৮ নভেম্বর ২০২০ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-৪৯/৮৩-২২৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোহাম্মদ মোতাছিম বিল্লাহ, পিতা-মোহাম্মদ সোলায়মান, মাতা-রায়হান বেগম, কাজী বাড়ী, ওয়ার্ড নং-০৭, গ্রাম-হাজীপুর, ডাকঘর-চৌমুহনী, চৌমুহনী পৌরসভা, উপজেলা-বেগমগঞ্জ, জেলা-নোয়াখালী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার চৌমুহনী পৌরসভার ০৭নং ও ০৮নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-২ অধিশাখা**

**আদেশ**

তারিখ : ১৬ কার্তিক ১৪২৭/০১ নভেম্বর ২০২০

নং **১২.০০.০০০০.০৫৩.১৫.০০৮.১৭.৫৩২**—নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬-০৬-২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০১.০০০১.১৫.১৫৭.০৫৮.১৬.১৪৮ সংখ্যক স্মারক; ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগের ২৬-০৬-২০১৯ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৫৪.১৫.০০১.১৮.২৭৫ সংখ্যক স্মারক; বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ বিভাগের ০৯-০৭-২০১৯ খ্রি. তারিখের ০৭.০০.০০০০. ১৬৪.১২.০০১.১৫.৭৮ সংখ্যক স্মারক; মন্ত্রিপরিষদ বিভাগের ২৬-০৮-২০২০ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০০৯.২০.২২০ সংখ্যক স্মারক এবং ০২ (দুই)টি অধ্যক্ষ পদ ৩য় গ্রেডভুক্ত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনের পরিপ্রেক্ষিতে ব্রাহ্মণবাড়ীয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলায় এবং মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলায় স্থাপিত দু'টি কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের জন্য রাজস্ব খাতে নিম্নবর্ণিত স্থায়ীভাবে ৩২ (বত্রিশ) টি ক্যাডার পদ এবং অস্থায়ীভাবে অন্যান্য ২৮ (আটাশ) টি পদসহ মোট ৬০ (ষাট) টি পদ সৃজনের মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রঃ নং | পদের নাম | | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল/২০১৫ ও গ্রেড |
|---|---|---|---|---|
| ০১ | অধ্যক্ষ | (ক্যাডার পদ) | ০১ × ২ = ০২ | টাকা : ৫৬৫০০—৭৪৪০০ ( গ্রেড-০৩) |
| ০২ | উপাধ্যক্ষ | (ক্যাডার পদ) | ০১ × ২ = ০২ | টাকা : ৪৩০০০—৬৯৮৫০ ( গ্রেড-০৫) |
| ০৩ | মুখ্য প্রশিক্ষক | (ক্যাডার পদ) | ০৫ × ২ = ১০ | টাকা : ৪৩০০০—৬৯৮৫০ ( গ্রেড-০৫) |
| ০৪ | উর্দ্ধতন প্রশিক্ষক | (ক্যাডার পদ) | ০১ × ২ = ০২ | টাকা : ৩৫৫০০—৬৭০১০ ( গ্রেড-০৬) |
| ০৫ | প্রশিক্ষক | (ক্যাডার পদ) | ০৮ × ২ = ১৬ | টাকা : ২২০০০—৫৩০৬০ ( গ্রেড-০৯) |

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল/২০১৫ ও গ্রেড |
|---|---|---|---|
| ০৬ | উপসহকারী প্রশিক্ষক | ০৩ × ২ = ০৬ | টাকা : ১২৫০০—৩০২৩০ ( গ্রেড-১১) |
| ০৭ | ব্যক্তিগত সহকারী | ০১ × ২ = ০২ | টাকা : ১১০০০—২৬৫৯০ ( গ্রেড-১৩) |
| ০৮ | প্রধান সহকারী | ০১ × ২ = ০২ | টাকা : ১১০০০—২৬৫৯০ ( গ্রেড-১৩) |
| ০৯ | হিসাবরক্ষক | ০১ × ২ = ০২ | টাকা : ১০২০০—২৪৬৮০ ( গ্রেড-১৪) |
| ১০ | ষ্টোর কিপার | ০১ × ২ = ০২ | টাকা : ১০২০০—২৪৬৮০ ( গ্রেড-১৪) |
| ১১ | লাইব্রেরিয়ান | ০১ × ২ = ০২ | টাকা : ৯৩০০—২২৪৯০ ( গ্রেড-১৬) |
| ১২ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০২ × ২ = ০৪ | টাকা : ৯৩০০—২২৪৯০ ( গ্রেড-১৬) |
| ১৩ | ক্যাশিয়ার | ০১ × ২ = ০২ | টাকা : ৯৩০০—২২৪৯০ ( গ্রেড-১৬) |
| ১৪ | অফিস সহায়ক | ০২ × ২ = ০৪ | টাকা : ৮২৫০—২০০১০ ( গ্রেড-২০) |
| ১৫ | ল্যাবরেটরী সহকারী | ০১ × ২ = ০২ | টাকা : ৯৩০০—২২৪৯০ ( গ্রেড-১৬) |
| ১৬ | ট্রাক্টর/পাওয়ার টিলার চালক | | 'আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮' অনুযায়ী সেবা ক্রয় |
| | মোট= | ৬০ (ষাট) টি | |

**শর্তাবলি :**

(ক) পদগুলোর বেতন স্কেল অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ থেকে নির্ধারণ করা হয়েছে;

(খ) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহণ করা হয়েছে;

(গ) অধ্যক্ষ পদ ০২ (দুই) টি ৩য় গ্রেডভুক্ত হওয়ায় পদ দুটি স্থায়ীভাবে সৃজনে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদন গ্রহণ করা হয়েছে;

(ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ ও বাস্তবায়ন অনুবিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ শাখা হতে প্রদত্ত শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করা হয়েছে;

(ঙ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃ বিঃ শাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করা হবে; এবং

(চ) কৃষি মন্ত্রণালয় বর্ণিত ক্যাডার পদ সৃজনের পর বিসিএস (কৃষি) কম্পোজিশন এন্ড ক্যাডার রুলস ১৯৮০ এর তফশিল সংশোধন করা হবে।

**মোঃ আলী আকবর**
উপসচিব।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**
**রপ্তানি-৪ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ কার্তিক ১৪২৭/০৪ নভেম্বর ২০২০

নং **২৬.০০.০০০০.১০৩.০৬.০০২.১৬.১৪৪**—বাংলাদেশ চা শ্রমিক কল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ৪(১), ৪(২) ও ৪(৩) নং ধারায় অর্পিত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে বাংলাদেশ চা শ্রমিক কল্যাণ তহবিল পরিচালনা বোর্ড গঠন করা হলো :

**চেয়ারম্যান**

(১) চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম

**সদস্যবৃন্দ**

(২) জনাব এম ওয়াহিদুল হক, বাংলাদেশীয় চা সংসদ

(৩) জনাব তাহসিন আহমেদ চৌধুরী, বাংলাদেশীয় চা সংসদ

(৪) জনাব পংকজ আউলেসিয়োস কন্দ, সহ-সভাপতি, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন

(৫) জনাব পরেশ কালিন্দী, অর্থ সম্পাদক, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন

(৬) জনাব মোঃ নাহিদুল ইসলাম, উপপরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল

(৭) পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম

**সদস্য-সচিব**

(৮) সচিব, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম

২। ক্রমিক (১) ব্যতীত অন্যান্য সদস্যগণ তাদের নিযুক্তির তারিখ হতে ০৩ (তিন) বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খন্দকার সাদিয়া আরাফিন**
উপসচিব।

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
## জামস শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৫ নভেম্বর ২০২০ খ্রিঃ।

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.১৫৭.১৯-২৪০**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১১ ধারার (৩) উপধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, নান্দাইল এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা নান্দাইল উপজেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১১(১)(গ) | শিক্ষিকা | তসলিমা বেগম (লাভলী), স্বামী: ডা: মোঃ কামরুজ্জামান, মাতা: মৃত শাহানা আজিজ, গ্রাম: নান্দাইল, বাজার, ডাকঘর: নান্দাইল, ওয়ার্ড নং-৫, নান্দাইল পৌরসভা, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ ; | চেয়ারম্যান |
| ০২ | ১১(১)(ঘ) | সমাজসেবী | মোছা: মিলি আক্তার, স্বামী: মো: উসমান গণি, মাতা: মোছা: মাজেদা আক্তার, গ্রাম: চন্ডীপাশা, ডাকঘর: নান্দাইল, ওয়ার্ড নং-৮, নান্দাইল পৌরসভা, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ ; | সদস্য |
| ০৩ | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | বাবলী দাস, পিতা: পরিমল কুমার ধন, মাতা: শান্তি রানী ধর, গ্রাম: চণ্ডিপাশা, ডাকঘর: নান্দাইল, ওয়ার্ড নং-৮, নান্দাইল পৌরসভা, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ ; | সদস্য |
| ০৪ | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মুর্শিদা বেগম, পিতা: মোঃ রইছ উদ্দিন, মাতা: মোছাঃ আয়শা খাতুন, গ্রাম: চারিআনি পাড়া, ডাকঘর: নান্দাইল, ওয়ার্ড নং-৫, নান্দাইল পৌরসভা, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ ; | সদস্য |
| ০৫ | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | সুফিয়া বেগম, স্বামী-মো: ইব্রাহীম, মাতা-মৃত ছবিরুন্নেছা, গ্রাম: গারুয়া আচারগাঁও, ডাকঘর: আচারগাঁও, নান্দাইল পৌরসভা, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ ; | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব তসলিমা বেগম (লাভলী), স্বামী ডা: মোঃ কামরুজ্জামান উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০৫-১১-২০২০ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০৭৭.১৮-২৪১**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, নড়াইল এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা নড়াইল জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম, পিতা/স্বামীর নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব সালমা রহমান কবিতা, পিতা-মৃত সাঈদুর রহমান, নড়াইল ; | চেয়ারম্যান |
| ০২ | ১০(১)(ঘ) | শিক্ষিকা | জনাব রিক্তা খানম, স্বামী-সৈয়দ সামিউল হাসান, নড়াইল ; | সদস্য |
| ০৩ | ১০(১)(ঙ) | সমাজসেবী | জনাব মিনতী বোস, স্বামী-অ্যাডভোকেট সুবাস চন্দ্র বোস, আলাদাৎপুর, নড়াইল ; | সদস্য |
| ০৪ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব আনজুমান আরা, স্বামী-অ্যাড: মোঃ সিদ্দিক আহমেদ, আলাদাৎপুর, নড়াইল; | সদস্য |
| ০৫ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব চায়না ভদ্র, স্বামী-বাবুল সাহা, আলাদাৎপুর, নড়াইল ; | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের সালমা রহমান কবিতা, পিতা-মৃত-সাঈদুর রহমান, উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০৫-১১-২০২০ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

তারিখ : ০৮ নভেম্বর ২০২০ খ্রি:

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.১৩৮.১৯-২৪২**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর **১১** ধারার (৩) উপধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা মিঠাপুকুর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা মিঠাপুকুর উপজেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১১(১)(ঘ) | সমাজসেবী | নাসরীন দিলারা আফরোজ পল্লবী, স্বামী: মো: আব্দুর রহিম মুকুল, গ্রাম: খোর্দ্দ মুরাদপুর, ডাকঘর: বেগম রোকেয়া স্মৃতি, মিঠাপুকুর, রংপুর। | চেয়ারম্যান |
| ০২ | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোছা: রাহেলা খাতুন, স্বামী: মোঃ সাইদুর রহমান, গ্রাম: সুলতানপুর, ডাকঘর: মিঠাপুকুর, মিঠাপুকুর, রংপুর। | সদস্য |
| ০৩ | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোছা: ফেরদৌসি বেগম, স্বামী: মো: রহমত আলী, গ্রাম: জগদীশপুর, ডাকঘর: শুকুরের হাট, মিঠাপুকুর, রংপুর। | সদস্য |
| ০৪ | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মিসেস দেলওয়ারা বেগম, স্বামী: মোঃ আব্দুর রাজ্জাক, ইউনিয়ন: মিলনপুর, মিঠাপুকুর, রংপুর। | সদস্য |
| ০৫ | ১১(১)(গ) | শিক্ষিকা | উ হ ম সনজিদা বেগম জিরা, স্বামী: মো: মোকসেদুল হক মন্ডল, গ্রাম: জুম্মাজল ছত্তর, রানীপুকুর, মিঠাপুকুর, রংপুর। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব নাসরীন দিলারা আফরোজ পল্লবী, স্বামী: মোঃ আব্দুর রহিম মুকুল, উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০৮-১১-২০২০ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.১২৪.১৯-২৪৩**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর **১১** ধারার (৩) উপধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা ভৈরব এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা মিঠাপুকুর উপজেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১১(১)(ঘ) | সমাজসেবী | মেহের নিগার শিক্ষা, স্বামী-মোঃ সেলিম খাঁন, সাং-চন্ডিবের, ভৈরব, কিশোরগঞ্জ; | চেয়ারম্যান |
| ০২ | ১১(১)(গ) | শিক্ষিকা | মাহমুদা খাতুন, প্রধান শিক্ষিকা, জামালপুর টেকনিক্যাল উচ্চ বিদ্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ; | সদস্য |
| ০৩ | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | জাকিয়া খানম, স্বামী-অধ্যাপক এ কে এম মোবারক আলী, সাং-ভৈরবপুর, ভৈরব, কিশোরগঞ্জ; | সদস্য |
| ০৪ | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | লাভলী আক্তার, স্বামী-মিলন মিয়া, সাং-নদীর পাড় রোড (সাধু মিয়ার গলি), ভৈরব, কিশোরগঞ্জ; | সদস্য |
| ০৫ | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মিনুয়ারা রহমান, সাবেক কাউন্সিলর, ৬নং ওয়ার্ড, ভৈরব পৌরসভা। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব মেহের নিগার শিখা, স্বামী-মোঃ সেলিম খাঁন, সাং-চন্ডিবের, ভৈরব কিশোরগঞ্জ উক্ত কমিটির চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০৮-১১-২০২০ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সিনিয়র সহকারী সচিব।

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
## মৎস্য-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৫ কার্তিক ১৪২৭/১০ নভেম্বর ২০২০

নং **৩৩.০০.০০০০.১২৬.০১.০২৭.১৫-৫০০**—জনাব মোহাঃ ওবাইদুল্লাহ, জেলা মৎস্য কর্মকর্তা (সাময়িকভাবে বরখাস্তকৃত), নওগাঁ দুদকের একটি টিম কর্তৃক গত ২৩-০৮-২০১৫ তারিখ হাতে-নাতে গ্রেফতার হন। তৎপরিপ্রেক্ষিতে, গ্রেফতারের দিন হতে অর্থাৎ ২৩-০৮-২০১৫ তারিখ হতে তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। বিভাগীয় বিজ্ঞ স্পেশাল জজ আদালত, রাজশাহী বিভাগ, রাজশাহী কর্তৃক স্পেশাল মামলা নং-০৭/১৬ (নওগাঁ)-এ পূর্ণাঙ্গ শুনানী শেষে জনাব মোহাঃ ওবাইদুল্লাহর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়ায় খালাস দিয়ে রায় প্রদান করা হয়।

২। এক্ষণে জনাব মোহাঃ ওবাইদুল্লাহ, জেলা মৎস্য কর্মকর্তা (সাময়িকভাবে বরখাস্তকৃত), নওগাঁ এর সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো। তাঁর সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে এবং বিধি মোতাবেক তিনি বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

**রওনক মাহমুদ**
সচিব।

---

## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
## সংস্থা শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৫ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ/১০ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং **১৬.০০.০০০০.০০৪.১৮.২১৬.২০.৩৭৬**—ইসলামিক ফাউন্ডেশন আইন ১৯৭৫-এর ৬(১) ধারা মোতাবেক সরকার ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস নিম্নরূপভাবে পুনর্গঠন করলেন :

| ক্রমিক | সম্মানিত সদস্যদের নাম ও ঠিকানা | | পদবি |
|---|---|---|---|
| (ক) | পদাধিকারবলে নিযুক্ত | | |
| ১. | মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয় মন্ত্রণালয়। | : | চেয়ারম্যান |
| ২. | চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। | : | গভর্নর |
| ৩. | সচিব, ধর্ম বিষয় মন্ত্রণালয়। | : | গভর্নর |
| ৪. | ভাইস চ্যান্সেলর, ইসলামিক বিশ্বদ্যিালয়। | : | গভর্নর |
| ৫. | চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। | : | গভর্নর |
| ৬. | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন। | : | সদস্য-সচিব |
| (খ) | **সরকার কর্তৃক মনোনীত ২ (দুই) জন মাননীয় সংসদ সদস্য** | | |
| ৭. | জনাব র.আ.ম উবায়দুল মোকতাদির চৌধুরী, মাননীয় সংসদ সদস্য-২৪৫, ব্রাহ্মণবাড়ীয়া-৩, বাসা-২০২, বাড়ি-১৪ সড়ক-১২২, গুলশান-০২, ঢাকা-১২১২। | : | গভর্নর |
| ৮. | জনাব মোঃ ফরিদুল হক খান, মাননীয় সংসদ সদস্য-১৩৯, জামালপুর-০২ ফ্ল্যাট-১০২, ভবন-০৫, ন্যাম ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭। | : | গভর্নর |
| (গ) | **বাংলাদেশের প্রখ্যাত মুসলিম চিন্তাবিদ ও প্রাজ্ঞ আলেম-ওলামাদের মধ্য হতে সরকার কর্তৃক মনোনীত ৫ (পাঁচ) জন:** | | |
| ৯. | বিচারপতি ছিদ্দিকুর রহমান মিয়া, অবসরপ্রাপ্ত বিচারপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ। রোড নং-১৯, হাউজ নং-১৮, রূপনগর আবাসিক এরিয়া, মিরপুর, ঢাকা। | : | গভর্নর |
| ১০. | জনাব এ এফ এম ইয়াহিয়া চৌধুরী, অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব, হাউজ-২, রোড-৩২, সেক্টর-৭, উত্তরা মডেল টাউন, ঢাকা। | : | গভর্নর |
| ১১. | জনাব মোঃ শাহজাহান সিদ্দিকি, বীর বিক্রম, অবসরপ্রাপ্ত সচিব, হাউজ-১১, রোড-১০, সেক্টর-৭, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০। | : | গভর্নর |
| ১২. | হাফেজ মাওলানা মুফতি মোহাম্মাদ রুহুল আমীন, মুহতামিম, জামে'আ ইসলামিয়া দারুল উলুম খাদেমুল ইসলাম গওহরডাঙ্গা মাদ্রাসা টুঙ্গীপাড়া, গোপালগঞ্জ। | : | গভর্নর |
| ১৩. | মাওলানা কাফিলুদ্দীন সরকার, অধ্যক্ষ, ঢাকা নেছারিয়া কামিল মাদ্রাসা এবং খতীব, আমীনবাগ জামে মসজিদ, ২৭ চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা-১২০৭। | : | গভর্নর |

২। পদাধিকারবলে নিযুক্ত গভর্নরসগণ ছাড়া অন্যান্য গভর্নরদের মেয়াদকাল এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ৩ (তিন) বছর হবে। তবে ৩ বছর অতিক্রান্ত হলেও তাঁর বা তাঁদের স্থলে সরকার নতুন গভর্নর মনোয়ন না দেয়া পর্যন্ত তিনি বা তাঁরা দায়িত্ব পালন করে যাবেন।

৩। সরকার প্রয়োজনবোধে যে কোন সময় পদাধিকারবলে নিযুক্ত গভর্নর ছাড়া অন্যান্য গভর্নর বা গভর্নরগণের পরিবর্তন বা তাঁর/ তাঁদের পদ শূন্য ঘোষণা করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ তফিকুল ইসলাম**
সহকারী সচিব।

## শিক্ষা মন্ত্রণালয়
## মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
## বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৯ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ/০৪ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৮০.১১.০০১.১৮-১৮৩**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এঁর সদয় অনুমোদনের পরিপ্রেক্ষিতে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি (পি নং ৩৪৪) বাংলাদেশ নৌবাহিনীর নিয়মিত চাকরির বয়সপূর্তিতে মূল পদে প্রত্যাবর্তন, অবসর গ্রহণের আনুষ্ঠানিকতা সম্পাদনশেষে ভাইস চ্যান্সেলর পদের মেয়াদের অবশিষ্টাংশ পূর্ণ করবেন। তাঁর ভাইস চ্যান্সেলর পদে ০৪ (চার) বছরের মেয়াদ আগামী ৩১-০১-২০২২ খ্রিষ্টাব্দ তারিখ পূর্ণ হবে।

জনস্বার্থে এর আদেশ জারি করা হলো।

নং **শিম/শা:১৯/ব:শে:মু:র:মেরিটাইম ইউ:-২/২০১৩-১৮৪**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এঁর অনুমোদনক্রমে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৩ এর ১৫ (১) ধারা অনুযায়ী গত ০৮ মে ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের শিম/শা:১৯/ ব:শে:মু:র:মেরিটাইম ইউ:-২/২০১৩-১৭৯ নং প্রজ্ঞাপনমূলে ট্রেজারার পদে নিয়োগকৃত কমোডর এ এম কামরুল হক, (এনডি), এনজিপি, এনডিসি, এএফডব্লিউসি, সিএসসি, বিএন (পি নং ৪৭৩)-এর বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি'র ট্রেজারার পদে প্রেষণে নিয়োগাদেশ এতদ্বারা অবসায়ন করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **শিম/শা:১৯/ব:শে:মু:র:মেরিটাইম ইউ:-২/২০১৩-১৮৫**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এঁর অনুমোদনক্রমে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৩ এর ১৫ (১) ধারা অনুযায়ী কমোডর আবুল কাসেম মোহাম্মদ মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসপিস, বিএন (পি নং ৭৫১)-কে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার পদে নিম্নে বর্ণিত শর্তে নিয়োগ করা হলো :

১. ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ ০৪ (চার) বছর হবে, তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর উপযুক্ত মনে করলে মেয়াদ পূর্তির পূর্বেই এ নিয়োগাদেশ বাতিল করতে পারবেন ;

২. তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতাদি প্রাপ্য হবেন ;

৩. বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৩ এর ধারা ১৫ উপধারা (৩) (৪) (৫) (৬) ও (৭) অনুসারে তিনি তাঁর দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নূর-ই-আলম**
উপসচিব।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
## প্রশাসন-১ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ/০৪ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং **৩৪.০০.০০০০.০৪১.১৮.০২৮.২০-১৩৮২**—মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি নিম্নোক্তভাবে গঠন করা হলো :

**আহ্বায়ক**

(১) উপসচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

**সদস্য**

(২) সিনিয়র সহকারী সচিব (যুব-১), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

**সদস্য-সচিব**

(৩) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রশাসন-১), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

২। কমিটির কর্ম পরিধি : এ কমিটি দৈবভাবে (randomly) ১০টি পণ্য/সেবা সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদান করা হয়েছে কিনা তা পরিবীক্ষণপূর্বক প্রত্যেক অর্থবছরে কমপক্ষে ০২ (দুই) টি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করবে।

৩। কমিটি প্রয়োজনে যে কোনো সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আলী হায়দার**
সিনিয়র সহকারী সচিব।

## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
## পরিকল্পনা শাখা-০২

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ/০৮ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং **৪৯.০০.০০০০.০৩৬.০২.০৯৭.১৭-১৫১**—প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "দেশে-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান" শীর্ষক প্রকল্পের আওতায় ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে গেস্ট ট্রেইনার হিসেবে ড্রাইভিং ইন্সট্রাক্টর (ব্যবহারকি) ও ড্রাইভিং ইন্সট্রাক্টর (তাত্ত্বিক) এর নিয়োগ প্রক্রিয়া সম্পাদনের লক্ষ্য মন্ত্রণালয় কর্তৃক নিম্নোক্তভাবে নিয়োগ কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো :

**আহ্বায়ক**

১. অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রকবৈকম)।

**সদস্যবৃন্দ**

২. প্রতিনিধ, পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর

৩. প্রতিনিধি, বিআরটিএ

৪. পরিচালক (প্রশিক্ষণ), বিএমইটি

৫. প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প

**সদস্য-সচিব**

৬. উপসচিব (পরিকল্পনা), প্রকবৈকম

উক্ত নিয়োগ কমিটির কর্মপরিধি নিম্নরূপ:

(ক) কমিটি প্রজ্ঞাপন জারির তারিখ হতে ২ (দুই) মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিল করবে ;

(খ) কমিটির কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যয় ডিপিপি হতে সংস্থানের জন্য প্রকল্প পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ; এবং

(গ) কমিটি প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনে সাব কমিটি গঠন করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফররুখ আহম্মদ**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা ২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ২০ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ/০৫ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.৪৯.৩৩.১৫৭.১০(অংশ-১).২৫৬**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | ছালাপাক | ৬০ | ১০৫৭ | গঙ্গাচড়া | রংপুর |
| ২ | নরসিংহ | ৭১ | ৩৩৬ | গঙ্গাচড়া | রংপুর |
| ৩ | হিলি | ১৯০ | ৫০৩ | পীরগঞ্জ | রংপুর |
| ৪ | প্রথমডাঙ্গা | ২০৮ | ৩৯১ | পীরগঞ্জ | রংপুর |
| ৫ | কুতুবপুর গবড়া | ২২৪ | ৩৯২ | পীরগঞ্জ | রংপুর |
| ৬ | সমসেরপাড়া | ২৫৩ | ২৬৯ | পীরগঞ্জ | রংপুর |
| ৭ | ঘাসিপুর | ২৫৮ | ৪০০ | পীরগঞ্জ | রংপুর |
| ৮ | গৌরীসেরপুর | ২৮০ | ২৩৭ | পীরগঞ্জ | রংপুর |
| ৯ | রসুলপুর | ৩০২ | ২৪৬ | পীরগঞ্জ | রংপুর |
| ১০ | চকসোলাগাড়ী | ৩০৭ | ৩৯৪ | পীরগঞ্জ | রংপুর |
| ১১ | মহিষমুড়ী | ৬৯ | ৬০৪ | পীরগাছা | রংপুর |
| ১২ | কিসামত সুখানপুকুর | ৭৯ | ৩৭১ | পীরগাছা | রংপুর |
| ১৩ | আরাজী দেবু | ১১৩ | ১৭২ | পীরগাছা | রংপুর |
| ১৪ | ছোট ঝিনিয়া | ১১৯ | ৫৮৪ | পীরগাছা | রংপুর |

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১৫ | জগজীবন | ১৩০ | ১১৬৪ | পীরগাছা | রংপুর |
| ১৬ | পশ্চিম হাগুরিয়া হাসিম | ১৪৩ | ২৮৮ | পীরগাছা | রংপুর |
| ১৭ | শতন্তরা | ১৬০ | ২৯৪ | পীরগাছা | রংপুর |
| ১৮ | কেশবপুর | ৬৫ | ৪৭০ | মিঠাপুকুর | রংপুর |
| ১৯ | আটপুনিয়া | ৬৭ | ৬৫৩ | মিঠাপুকুর | রংপুর |
| ২০ | কানুদাসপাড়া | ৯৩ | ৩৯৩ | মিঠাপুকুর | রংপুর |
| ২১ | তাহিরপুর | ১১৭ | ২০৬ | মিঠাপুকুর | রংপুর |
| ২২ | ভিকনপুর | ১৪৩ | ৩১০ | মিঠাপুকুর | রংপুর |
| ২৩ | খামার মামুদপুর | ১৪৪ | ২৩৮ | মিঠাপুকুর | রংপুর |
| ২৪ | মামুদপুর | ১৪৫ | ৪৫২ | মিঠাপুকুর | রংপুর |
| ২৫ | খামার দূর্গাপুর | ১৪৮ | ২৬২ | মিঠাপুকুর | রংপুর |
| ২৬ | জায়গীয় পানবাড়ী | ১৬১ | ১৬০ | মিঠাপুকুর | রংপুর |
| ২৭ | সেরপুর | ২১৮ | ১৫০ | মিঠাপুকুর | রংপুর |
| ২৮ | খোর্দ্দ ঝালই | ২২৭ | ১২৮ | মিঠাপুকুর | রংপুর |
| ২৯ | আরাজী দলুয়া | ২ | ৭২৬ | নিলফামারী সদর | নিলফামারী |
| ৩০ | কিসামত উত্তর গোড়গ্রাম | ৬ | ২৫২ | নিলফামারী সদর | নিলফামারী |
| ৩১ | মধ্যম সুন্দরখাতা | ১৩ | ৭৬১ | ডিমলা | নিলফামারী |
| ৩২ | দোলপাড়া | ১৯ | ১৬৮০ | ডিমলা | নিলফামারী |
| ৩৩ | চর খড়িবাড়ী | ২২ | ৯৭৪ | ডিমলা | নিলফামারী |

**নং ৩১.০০.০০০০.৪৯.৩৬.০৪০.১২(অংশ-১).২৫৭**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | শাসন | ৩ | ১৯৫৭ | মোল্লাহাট | বাগেরহাট | |
| ২ | কেন্দুয়া | ২৫ | ১২৯৫ | মোল্লাহাট | বাগেরহাট | |
| ৩ | মাটিয়ারগাতী | ২৮ | ৪১৩ | মোল্লাহাট | বাগেরহাট | |
| ৪ | সাবুলিয়া বারইগাতী | ৩২ | ১০৩৫ | মোল্লাহাট | বাগেরহাট | |
| ৫ | বিলপার | ৪০ | ৬৪৭ | মোল্লাহাট | বাগেরহাট | |

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৬ | উদয়পুর উত্তরকান্দি | ৪৩ | ২৬০ | মোল্লাহাট | বাগেরহাট | |
| ৭ | আমিয়ান | ৩১ | ৫৯৫ | কালিগঞ্জ | সাতক্ষীরা | |
| ৮ | হাড়দহ | ৩৭ | ৬১৩ | কালিগঞ্জ | সাতক্ষীরা | |
| ৯ | খাজাবাড়ীয়া | ৮৮ | ২৮৪ | কালিগঞ্জ | সাতক্ষীরা | |
| ১০ | বেলপুর | ১২১ | ৬৬ | কালিগঞ্জ | সাতক্ষীরা | |
| ১১ | পাইকারা | ১৮২ | ১১১৯ | কালিগঞ্জ | সাতক্ষীরা | |
| ১২ | উভাকুর | ১৬৯ | ১৭৭ | কালিগঞ্জ | সাতক্ষীরা | |
| ১৩ | পারুলিয়া | ২৩ | ৮৬১৪ | দেবহাটা | সাতক্ষীরা | |
| ১৪ | কুলিয়া | ২৪ | ৩৯৪১ | দেবহাটা | সাতক্ষীরা | |
| ১৫ | রঘুনাথপুর | ৩৩ | ১১১৩ | দেবহাটা | সাতক্ষীরা | মহামান্য হাইকোর্ট বিভাগের ২২৭৫/২০০৯ নম্বর রীট মামলা দায়ের থাকায় রীট সংশ্লিষ্ট ২৫৫, ১১১৬, নম্বর খতিয়ান ব্যতীত। |
| ১৬ | ঝালবাড়ীডাঙ্গা | ৭০ | ৪১৬ | বটিয়াঘাটা | খুলনা | |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৯.১৯.২৫৮**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVlll of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | দাগনভূঁইয়া | ৭৪ | ৩৭০ | দাগনভূঁইয়া | ফেনী | |
| ২ | দক্ষিণ অলিপুর | ৯৬ | ১৪০৯ | দাগনভূঁইয়া | ফেনী | |
| ৩ | কোটরা মহব্বতপুর | ৯৩ | ৪৩৩ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ৪ | বারাহীনগর | ২৪৬ | ৭০৫ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ৫ | কিস্‌মত আবদুল্লাপুর | ৩০৫ | ৭২২ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ৬ | রতনপুর | ৮০ | ৯৮৭ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | মহামান্য হাইকোর্ট বিভাগের ১০৩৭৪/২০১৯ নম্বর রীট পিটিশন দায়ের থাকায় সংশ্লিষ্ট ২২ ও ৯৬৭ নম্বর খতিয়ান ব্যতীত। |
| ৭ | আবিরনগর | ৮৮ | ১৩২২ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | |
| ৮ | গন্ধর্ব্বপুর | ১১৬ | ১৯৯২ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | |
| ৯ | পশ্চিম লতিফপুর | ১৭৮ | ১০৬৯ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | |
| ১০ | দক্ষিণ রাজাপুর | ১৬১ | ৮২৮ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | |
| ১১ | খাগড়িয়া | ২০২ | ৯৩০ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | |
| ১২ | হোসেনপুর | ২১১ | ৫৫৯ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | |
| ১৩ | গোবিন্দপুর | ২২৮ | ৫৪৯ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | |
| ১৪ | মিঠারখিল | ২৩১ | ২২৭ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | |

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৬.১৬(অংশ-১).২৫৯—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVlll of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | চর চাঁদপুর | ২৩ | ৩০২৪ | সদরপুর | ফরিদপুর |
| ২ | বিল পাকুরিয়া | ১৫ | ২৭৪ | বালিয়াকান্দি | রাজবাড়ী |
| ৩ | মহিষের চর | ১০৬ | ২৬৮৬ | মাদারীপুর সদর | মাদারীপুর |
| ৪ | মাদারীপুর | ১১৪ | ১৪৯৬ | মাদারীপুর সদর | মাদারীপুর |
| ৫ | কোলচরি স্বস্থল | ১১১ | ১৯২১ | কালকিনি | মাদারীপুর |
| ৬ | নড়িয়া | ৯৯ | ২৭৩৯ | নড়িয়া | শরীয়তপুর |
| ৭ | সিংহলমুড়ি | ১১০ | ৮২৬ | নড়িয়া | শরীয়তপুর |
| ৮ | দক্ষিণ চর কাউনিয়াকান্দা | ১৩৭ | ৫৯ | নড়িয়া | শরীয়তপুর |
| ৯ | দিঘলী | ১৩৯ | ১৩২ | নড়িয়া | শরীয়তপুর |
| ১০ | ধানকুনিয়া | ১৪১ | ০৬ | নড়িয়া | শরীয়তপুর |
| ১১ | চাউলভোগ | ১৪২ | ৮০ | নড়িয়া | শরীয়তপুর |
| ১২ | চর দিঘলী | ১৩৪ | ৪০ | নড়িয়া | শরীয়তপুর |
| ১৩ | ধলছত্র | ১৩৫ | ২৬ | নড়িয়া | শরীয়তপুর |
| ১৪ | কাউনিয়াকান্দা | ১৩৬ | ১১৭ | নড়িয়া | শরীয়তপুর |
| ১৫ | চর লক্ষীপুর | ১৪০ | ১১৩ | নড়িয়া | শরীয়তপুর |
| ১৬ | গৈড্যা | ৩০ | ১৫৪৪ | ভেদরগঞ্জ | শরীয়তপুর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আব্দুর রহমান**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**আদেশ**

তারিখ : ১৮ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/০৩ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৬.২০১৬-৩৯৬—যেহেতু ডাঃ মোঃ আজফার উদ্দিন শেখ (৪১১০৮), মেডিকেল অফিসার, চরসাদীপুর উপ-স্বাস্থ্য কেন্দ্র, কুমারখালী, কুষ্টিয়া গত ০৭-০৮-২০১৫ খ্রিঃ হতে ২৯-০১-২০১৬ পর্যন্ত এবং ২৯-০১-২০১৮ খ্রিঃ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন ;

যেহেতু, ডা. মোঃ আজফার উদ্দিন শেখের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩(সি) মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'; যা বর্তমানে সংশোধিত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৩০-০৫-২০১৬ খ্রিঃ তারিখের ৪০৩ নং স্মারকমূলে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় ;

যেহেতু, তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক উক্ত অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে মর্মে মতামতসহ প্রতিবেদন দাখিল করেন ;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করা ডা. মোঃ আজফার উদ্দিন শেখকে চাকরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয় ;

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে চাকরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হলে কমিশন উক্ত সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করে ; এবং

যেহেতু, উক্ত কর্মকর্তাকে চাকরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন ;

সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক ডা. আজফার উদ্দিন শেখকে তার অননুমোদিত অনুপস্থিতি শুরুর তারিখ : ০৭-০৮-২০১৫ খ্রিঃ থেকে চাকুরি হতে বরখাস্ত করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আবদুল মান্নান**
সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : আশ্বিন, ১৪২৭/০১ অক্টোবর, ২০২০

নং **৪৬.০০.০০০০.০৬৭.২৭.০০৪.১৯-৫৬১**—লায়লা মিথুন, সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, জেলা-বাগেরহাট'র বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগ বিবরণী, অভিযোগনামা, লিখিত জবাব, সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) এর বিধানের আলোকে লায়লা মিথুন, সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, জেলা: বাগেরহাটকে অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো। এসাথে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৬.০০.০০০০.০৬৭.২৭.০০২.১৯-৫৭৯**—যেহেতু, জনাব মোঃ জহুরুল ইসলাম, সাবেক উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, পুঠিয়া, রাজশাহী, বর্তমানে-উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, ধুনট, বগুড়া উপজেলা প্রকৌশলী হিসেবে রাজশাহী জেলার পুঠিয়া উপজেলায় কর্মরত থাকাকালে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারায় বিভাগীয় মামলা রুজু করা হয় ; এবং

যেহেতু, প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর ১২-০৬-২০১৮ তারিখের ৪৬.০২.০০০০.০০১.২৭.০২৩.১৭.৩৯৮০ সংখ্যক পত্রে এলজিইডি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী অঞ্চল এর তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে তাকে ভবিষ্যতের জন্য সতর্কীকরণ করা হয় ; এবং

বর্ণিতবস্থায়, তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তার দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(ক) এর বিধান মোতাবেক জনাব মোঃ জহুরুল ইসলাম, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা-ধনুটকে ভবিষ্যতে এ ধরনের গাফিলতির জন্য সতর্ক করে রুজুকৃত বিভাগীয় মামলায় অভিযোগ হতে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**হেলালুদ্দীন আহমদ**
সিনিয়র সচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**
**চলচ্চিত্র-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ অগ্রহায়ণ ১৪২৭/২৬ নভেম্বর ২০২০

**নং ১৫.০০.০০০০.০৪১.১২.০০১.১৬.৪২৩**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯-১১-১৯৯৪ তারিখের প্রজ্ঞাপন নং-সম(বিধি-২) পদোন্নতি-২৭/৯৪-১৬৪ এর প্রেক্ষিতে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে কর্মরত ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমাধারী নিম্নে উল্লিখিত ০১(এক) জন কর্মচারীকে তৃতীয় শ্রেণির পদ মর্যাদা হতে দ্বিতীয় শ্রেণির পদ মর্যাদায় উন্নীত করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | জাতীয় বেতন স্কেল ও গ্রেড-২০১৫ | নির্ধারণকৃত বেতন স্কেল ও গ্রেড-২০১৫ | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | জনাব কিবরিয়া সিদ্দিকী<br>এয়ারকন্ডিশনিং সুপারভাইজার<br>বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা। | ১২,৫০০—৩০,২৪০/-<br>(গ্রেড-১১) | ১৬,০০০—৩৮,৬৪০/-<br>(গ্রেড-১০) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাসসহ অনুমোদিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে এয়ারকন্ডিশনিং-এ ৪(চার) বছর মেয়াদি ডিপ্লোমাধারী। |

২। উক্ত পদের বেতন ভাতা বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বাজেটের সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করা হবে;

৩। পত্রের ছকে বর্ণিত ৪নং কলামের নির্ধারণকৃত বেতনগ্রেড ৫নং কলামের শর্ত অনুযায়ী কার্যকর হবে;

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে;

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ গোলাম আজম**
উপসচিব।